# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**নির্বাহী প্রকৌশলীর দপ্তর**
সিরাজগঞ্জ পওর বিভাগ,
বাপাউবো, সিরাজগঞ্জ।
ফোন: অফিস- ০২৫৮৮৮৩০৩৬৮
বাসা- ০৭৫১-৬২৩৬৮

**Office of the Executive Engineer**
Sirajganj O & M Division,
BWDB, Sirajganj.
Tel: Office-02588830368,
Res-0751-62368
E-mail: xensirajbwdb@gmail.com

স্মারক নং: ডব্লিউ-১৪/২১৪৫

তারিখ: ১৪-০৬-২০২৩ খ্রি.

## মাটি/বালি নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সিরাজগঞ্জ কর্তৃক গৃহীত এবং বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন বিগ্রেড কর্তৃক বাস্তবায়নাধীন "বাঙালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, রায়গঞ্জ, উল্লাপাড়া, কামারখন্দ ও শাহজাদপুর উপজেলায় ড্রেজিংকৃত মাটি/বালি জেলা পানি সম্পদ উন্নয়ন ব্যবস্থাপনা কমিটি'র মাধ্যমে শর্ত সাপেক্ষে নিলাম বিক্রয়ের নিমিত্ত উপযুক্ত দরদাতাগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরপত্র আবেদন আহবান করা হচ্ছে। আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এবং নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ এর কার্যালয়ের সাধারণ শাখা হতে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে এবং উক্ত কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করা যাবে।

## প্যাকেজ সমুহের তথ্যাদি

| ক্রঃনং | প্যাকেজের নাম | কাজের নাম | সম্ভাব্য মাটির পরিমাণ (সিএফটি) |
|---|---|---|---|
| ১ | মাটি/বালি নিলাম/বাঙ্গালী -৪৪/২০২৩ | "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষন" শীর্ষক প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন সোনতলা ব্রীজ E-৭৬২৩১৮, N-২৬৮৭২৫৬ এলাকায় উত্তোলিত মাটি/বালি নিলামকরণ। | ৪৪১৪৩২.০৩ সিএফটি |
| ২ | মাটি/বালি নিলাম/বাঙ্গালী -৪৫/২০২৩ | "বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষন" শীর্ষক প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন বন্যাকান্দি E-৭৬৩৯৪৫, N-২৬৯৪৮০৭ এলাকায় উত্তোলিত মাটি/বালি নিলামকরণ। | ৬২৭১৫৫.৩৯ সিএফটি |

## দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচি

| বিবরণ | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| | ১৫-০৬-২০২৩ খ্রি.হতে ০৫-০৭-২০২৩ খ্রি. পর্যন্ত (সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) | ০৬-০৭-২০২৩ খ্রি. ৩:০০ ঘটিকা পর্যন্ত। | ০৬-০৭-২০২৩ খ্রি. ৩:৩০ ঘটিকা। | |

**শর্তাবলীঃ**

০১। কোড নং-১-৪৬৩১-০০০০-১২৬ তে ফি বাবদ চালান মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা জমা প্রদান করে চালান কপি দাখিল করে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে হবে।

০২। দরপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে জামানত/অগ্রিম বাবদ প্রদত্ত মূল্যের ২৫% অর্থ হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, বগুড়া বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারে এর মাধ্যমে দাখিল করতে হবে।

০৩। মাটির দর অনুমোদনের পর ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে মাটির মূল্য বাবদ অবশিষ্ট ৭৫%, ১৫% ভ্যাট ও ১০% আয়করের অর্থ হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, বগুড়া বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারে এর মাধ্যমে পরিশোধ করতে হবে। মাটির মূল্য কোনভাবেই কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত সময় অতিক্রান্ত হলে জামানত বাজেয়াপ্তসহ নিলাম বাতিল করা হবে।

০৪। সংশ্লিষ্ট প্যাকেজের খননকৃত মাটির মূল্য পরিশোধের পর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে (নিজ খরচে) চুক্তিনামা সম্পাদন করতে হবে। অত:পর মাটির দখল বুঝিয়ে দেয়া হবে।

০৫। সংশ্লিষ্ট প্যাকেজের খননকৃত মাটি ব্যতিত অন্য কোন স্থান হতে মাটি সংগ্রহ করা যাবে না এবং মাঠে বিদ্যমান কৃষি জমি অপরিবর্তীত রেখে মাটি সংগ্রহ করতে হবে। মাটি সংগ্রহের ফলে নদীর গতিপথ বন্ধ হয়ে যায় এমনভাবে মাটি সংগ্রহ করা যাবে না। নদীর দুইপাড়ের স্লোপ/ঢালের কোনরুপ ক্ষতি করা যাবে না।

০৬। মাটি পরিবহনের কারণে জনগণের চলাচলের রাস্তা ক্ষতিগ্রস্থ হলে নিলাম ডাককারীকে নিজ খরচে মেরামত করতে হবে।

০৭। দরপত্র ফরম পূরণে তথ্য মিথ্যা প্রমাণিত হলে বা ঘষা-মাজা করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। উল্লিখিত শর্তাবলী ভঙ্গ করলে নিলামচুক্তি বাতিলসহ 'বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন' ২০১০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। খামের উপর প্যাকেজের নাম ও কাজের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে দাখিলকৃত যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত
নির্বাহী প্রকৌশলী
সিরাজগঞ্জ পওর বিভাগ
বাপাউবো, সিরাজগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি।

স্মারক নং: ডব্লিউ-১৪/২১৪৫/১(৪৫) তারিখ: ১৪-০৬-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, সিরাজগঞ্জ......................................ও উপদেষ্টা জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, সিরাজগঞ্জ।
২। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, সপুরা, রাজশাহী।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল, বাপাউবো, বগুড়া ।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (উক্ত নিলাম বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি জাতীয় ও ১টি স্থানীয় সিরাজগঞ্জর দৈনিক পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৫। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, সিরাজগঞ্জ।
৬। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৭। প্রকল্প পরিচালক, ৪ রিভার প্রজেক্ট বগুড়া, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
১০। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ।
১১। জেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ।
১২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ।
১৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিরাজগঞ্জ।
১৪। নির্বাহী প্রকৌশলী, জেলা পরিষদ, সিরাজগঞ্জ।
১৫। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ।
১৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিরাজগঞ্জ ।
১৭। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, সিরাজগঞ্জ।
১৮। জেলা তথ্য অফিসার, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৯। রেভিনিউ ডেপুটি কালেক্টরেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
২০-২৪। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর/ রায়গঞ্জ/ উল্লাপাড়া/ কামারখন্দ/ শাহজাদপুর, সিরাজগঞ্জ।
২৫। মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ।
২৬-৩০। উপজেলা চেয়ারম্যান, সিরাজগঞ্জ সদর/ রায়গঞ্জ/ উল্লাপাড়া/ কামারখন্দ/ শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৩১-৩৩। উপ-বিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ/বেলকুচি/উল্লাপাড়া পওর উপ-বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ।
৩৪। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিরাজগঞ্জ।
৩৫। সহকারী বন সংরক্ষক, সিরাজগঞ্জ।
৩৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি সিরাজগঞ্জ জেলা এর ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৩৭। সহকারী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি সিরাজগঞ্জ পানি উন্নয়ন বোর্ড এর ওয়েব পোর্টালে প্রচারের জন্য বলা হলো)
৩৮-৪২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর/ রায়গঞ্জ থানা/ উল্লাপাড়া থানা/ কামারখন্দ থানা/ শাহজাদপুর থানা, সিরাজগঞ্জ।
৪৩। প্রেস ক্লাব, সিরাজগঞ্জ।
৪৪। চেয়ারম্যান,..............................ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ।
৪৫। দপ্তর কপি।

১৪/৬/২৩

নির্বাহী প্রকৌশলী
ও
সদস্য সচিব
জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি।